**তারিখ: ১৫ অক্টোবর ২০২৫**

# নিয়োগ বিজ্ঞপ্তি

HEAT Research Grant (Funded by the World Bank through UGC Bangladesh) এর আওতায় পরিচালিত গবেষণা প্রকল্পের জন্য নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নাম: একাউন্টেন্ট**

**চাকরির ধরন:** চুক্তিভিত্তিক
**চুক্তির মেয়াদ:** ৩ বছর
**কর্মস্থল:** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
**অর্থায়ন:** HEAT Research Grant (World Bank through UGC Bangladesh)
**মাসিক বেতন:** ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা

## শর্তাবলি ও যোগ্যতা:

১। বাণিজ্য/অর্থনীতি/হিসাববিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি (স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে)।
২। বিশ্ববিদ্যালয়, সরকারি, বেসরকারি প্রকল্প বা দাতা সংস্থার আর্থিক কর্মকাণ্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৩। হিসাবরক্ষণ, বাজেট প্রস্তুতি, ব্যয় ব্যবস্থাপনা ও আর্থিক প্রতিবেদন তৈরিতে দক্ষতা থাকতে হবে।
৪। কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে (বিশেষতঃ MS Excel, Word এবং হিসাবরক্ষণ সফটওয়্যার)।
৫। প্রকল্পের আর্থিক নীতিমালা ও World Bank-এর Procurement এবং Financial Guideline সম্পর্কে ধারণা থাকা বাঞ্ছনীয়।
৬। যোগাযোগে দক্ষতা ও দলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
৭। প্রকল্পের মেয়াদ (৩ বছর) শেষ হবার পূর্বে চাকুরি ত্যাগ করা যাবে না।
৮। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে এই চাকুরির কোন প্রাতিষ্ঠানিক সংশ্লিষ্টতা নেই।

**আবেদনপত্র জমাদান পদ্ধতি:**

আগ্রহী প্রার্থীরা নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদনপত্র প্রকল্প পরিচালকের নাম ও ঠিকানা বরাবর প্রেরণ করতে পারবেন বা সরাসরি জমা দিতে পারবেন :

- পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (CV)
- জাতীয় পরিচয়পত্রের অনুলিপি
- শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার প্রমাণপত্রের অনুলিপি
- সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি

**আবেদনের শেষ তারিখ:** ২০ অক্টোবর ২০২৫

**বিঃদ্রঃ**

শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।
কর্তৃপক্ষ যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

**ড. মুহাম্মদ শফিকুল ইসলাম**
সাব-প্রজেক্ট ম্যানেজার (এসপিএম) (PIN-13083)
HEAT Research Grant (Funded by World Bank through UGC Bangladesh)
অধ্যাপক, ফার্মেসি বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪